মুজিবনগরের বিভিন্ন গ্রামে এম এ এস ইমনের উদ্যোগে বুকলেট বিতরণ

মেহেরপুরের মুজিবনগর উপজেলার বিভিন্ন গ্রামে গনসংযোগের মধ্যে দিয়ে সরকারের উন্নয়ন চিত্র সম্বলিত বুকলেট বিতরণ করলেন তরুণ রাজনীতিবীদ এম এ এস ইমনের অনুসারিরা।

গতকাল রবিবার মুজিবনগর উপজেলার মোনাখালী, দারিয়াপুর, বাগোয়ান, মহাজনপুর ইউনিয়নের বিভিন্ন গ্রামে এ বুকলেট বিতরণ করেন। এর আগে গত শুক্রবার ও শনিবার বিকালে মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর, বুড়িপোতা, আমদহ, আমঝুপিসহ বিভিণ্ন গ্রামে একই কর্মসূচীর মাধ্যমে বুকলেট বিতরণ করা হয়।

আওয়ামী লীগ নেতা এস এম ফরিদ আহমেদ ও বেলাল হোসেনের নেতৃত্বে নেতাকর্মীরা বিভিন্ন গ্রামে এ বুকলেট বিতরণ করেন। এসময় শিশির অরুপ, ফারুক হোসেন, আব্দুর রাজ্জাক, বেলায়েত হোসেন, রাশিদুল হাসান, সাজিদ হোসেনসহ নেতাকর্মীরা অংশ নেন।

আওয়ামী লীগ নেতা বেলাল হোসেন বলেন, আওয়ামী লীগ সরকারের বিভিন্ন উন্নয়নমূলক চিত্রের পাশাপাশি বিএনপির সরকারের উন্নয়নের তুলনা করে এ বুকলেট তৈরি করা হয়েছে। যাতে করে সাধারণ মানুষ আওয়ামী লীগ সরকারের উন্নয়ন চিত্র সম্পর্কে ধারণা পায়। এবং একই সঙ্গে পুনরায় আওয়ামী লীগ সরকারকে ভোট দিয়ে ক্ষমতায় নিয়ে আসে। এ বুকলেট ভালোভাবে পড়লেই সাধারণ মানুষ আওয়ামী লীগ সরকারের প্রতি বিশ্বাস ও আস্থা রাখতে পারবে।

জনগণের কাছে যেতে হলে বিএনপিকে

অপরাজনীতির জন্য ক্ষমা চাইতে হবে : তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী এবং আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ বলেছেন, ‘বিএনপি জনগণের কাছ থেকে অনেক দূরে সরে গেছে। আবার জনগণের কাছে যেতে হলে ২০১৩, ১৪ ও ১৫ সালে তারা যে অপরাজনীতি করেছে, পেট্রোলবোমা নিক্ষেপ করে জীবন্ত মানুষকে পুড়িয়ে হত্যা করেছে এবং মানবাধিকার লঙ্ঘন করেছে, সেগুলোর জন্য মানুষের কাছে ক্ষমা চাইতে হবে।’

মঙ্গলবার (৩১ জানুয়ারি) দুপুরে চট্টগ্রামের হোটেল রেডিসন ব্লু বে ভিউতে চট্টগ্রামে মেট্রোরেল নির্মাণের লক্ষ্যে ফিজিবিলিটি স্টাডির উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতা শেষে সমসাময়িক রাজনীতি নিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তথ্য ও সম্প্রচারমন্ত্রী এ কথা বলেন। সড়ক ও মহাসড়ক বিভাগের সচিব এবিএম আমিন উল্লাহ নূরীর সভাপতিত্বে অনুষ্ঠানে অনলাইনে সংযুক্ত হয়ে প্রধান অতিথির বক্তব্য দেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী এবং আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের।

বিএনপির পদযাত্রা কর্মসূচি নিয়ে হাছান মাহমুদ বলেন, ‘সম্ভবত: বিএনপির দম ফুরিয়ে গেছে, এজন্য হাঁটা শুরু করেছে। তারা তো আগে মিছিল করতো, এখন মিছিলের পরিবর্তে হাঁটা শুরু করেছে। বিএনপি যে পদযাত্রা শুরু করেছে সম্ভবত তারা কারো কাছ থেকে নকল করছে।’

‘তবে বিএনপি পদযাত্রা করুক আর যেই যাত্রায় করুক না কেন, তাদের এই যাত্রায় জনগণ তো দূরের কথা তাদের সাধারণ কর্মীরাও পদযাত্রায় শামিল হয়নি’ বলেন ড. হাছান।

বিএনপির তত্ত্বাবধায়ক সরকারের দাবি প্রসঙ্গে ড. হাছান আবারও বলেন, ‘এই দেশে আর কখনো তত্ত্বাবধায়ক সরকার হবেনা। ভারত, মার্কিন যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, কন্টিনেন্টাল ইউরোপ, জাপান, অস্ট্রেলিয়াসহ সমস্ত সংসদীয় গণতন্ত্রের দেশে যেভাবে নির্বাচন হয় সেভাবেই নির্বাচন হবে। সংসদীয় গণতন্ত্রের সব দেশেই যে সরকার ক্ষমতায় থাকে তারাই নির্বাচনকালীন সময়ে দায়িত্ব পালন করে। আমাদের দেশেও তাই করবে।’

তিনি বলেন, ‘বর্তমান প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনাই নির্বাচনকালীন প্রধানমন্ত্রীর দায়িত্ব পালন করবেন। তার সরকারই তখন নির্বাচনকালীন সরকার হিসেবে দায়িত্ব পালন করবে। এবং নির্বাচন হবে নির্বাচন কমিশনের অধীনে। বিএনপির এই পদযাত্রা, কিংবা কদিন পরে ‘বসার যাত্রা’ করবে- যে যাত্রাই করুক না কেন, কোনো লাভ হবেনা।’

তবে বিএনপি নির্বাচনে অংশগ্রহণ করবে আশাপ্রকাশ করে তথ্যমন্ত্রী বলেন, আমরা চাই বিএনপিসহ সব রাজনৈতিক দল নির্বাচনে অংশগ্রহণ করুক। প্রতিদ্বন্দ্বিতাতাপূর্ণ একটি সুষ্ঠু সুন্দর নির্বাচনের মাধ্যমে দেশের মানুষ আগামী দিনের সরকার পছন্দ করুক সেটিই আমরা চাই।

এর আগে চট্টগ্রামে মেট্রোরেলের সম্ভাব্যতা যাচাই কাজের উদ্বোধনী অনুষ্ঠানে ড. হাছান মাহমুদ বলেন, ‘আজকে চট্টগ্রামবাসীর জন্য একটি শুভদিন, আনন্দের দিন। কারণ চট্টগ্রামে মেট্টোরেল হবে চট্টগ্রামের মানুষও অনেকে ভাবেনি, এটি আমার জন্যও আনন্দের দিন। বেশ কয়েকবছর ধরে চট্টগ্রামে মেট্টোরেল নির্মাণের জন্য প্রধানমন্ত্রী এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রীর কাছে বহুবার নিবেদন করেছি। প্রধানমন্ত্রীর নির্দেশনায় আজকে কোরিয়ান সরকার এবং বাংলাদেশ সরকারের যৌথ অর্থায়নে ফিজিবিলিটি স্টাডি শুরু হতে যাচ্ছে।’

চট্টগ্রামকে নান্দনিক শহর উল্লেখ করে তথ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী চট্টগ্রামের উন্নয়নকে যে কি পরিমাণ গুরুত্ব দেন, সেটি একটি প্রজেক্টের কথা আলোচনা করলেই বুঝতে পারবেন। জলাবদ্ধতা নিরসনের জন্য তিনটা প্রজেক্ট মিলিয়ে ব্যয় ১.২ মিলিয়ন ডলার তিনি দিয়েছেন। সেই কাজগুলো চলছে, তিনটা প্রজেক্টের কাজের সমন্বয়ের প্রয়োজন রয়েছে। সেই প্রজেক্টগুলো যদি সুষ্ঠুভাবে বাস্তবায়িত হয়, আমি আশা করি আগামী বছর থেকে চট্টগ্রাম শহরে পানি উঠবেনা।

তিনি বলেন, অনেকগুলো পাহাড় কাটা হয়েছে, পাহাড় কাটার কারণে নান্দনিকতা নষ্ট হয়েছে, পরিবেশ নষ্ট হয়েছে। চট্টগ্রাম শহরকে আরো নান্দনিক করার ক্ষেত্রে মেট্রোরেল প্রজেক্টটি অত্যন্ত সহায়ক হবে। এই শহরের লোক সংখ্যা দ্রুত বাড়ছে। আগামী পাঁচ-দশ বছর পরে এই শহরের লোকসংখ্যা এক কোটি ছাড়িয়ে যাবে। এই শহর ঘনবসতিপূর্ণ শহর। সুতরাং এখানে মেট্রোরেলের কোন বিকল্প নেই।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন বাংলাদেশে নিযুক্ত দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত লি ঝাং কিউন, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি অধ্যক্ষ রওশন আরা মান্নান, চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র রেজাউল করিম চৌধুরী, ইআরডি সচিব শরিফা খান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান এম জহিরুল আলম দোভাষ, ডিটিসিএ’র নির্বাহী পরিচালক সাবিহা পারভীন ও কোইকা বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর ইয়াং আহ দোহ।

অনুষ্ঠানে জানানো।হয়, কোরিয়ান পরামর্শক প্রতিষ্ঠান কোইকা এই সম্ভাব্যতা যাচাই করবে। ৭০ কোটিরও বেশি টাকা ব্যয়ে পরিচালিত এই স্টাডিতেই চট্টগ্রামে মেট্রোরেলের প্রয়োজনীয়তা, ব্যবহার উপযোগিতা, মেট্রোরেলের রুটসহ নানা বিষয় উঠে আসবে। একই সাথে প্রকল্পটি বাস্তবায়নে কত অর্থের প্রয়োজন তারও হিসাব দেবে কোইকো।

জীবননগরে উথলী ইউনিয়ন আওয়ামী লীগের বর্ধিত সভা

আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন কে সামনে রেখে জীবননগর উপজেলায় ১ নং উথলী ইউনিয়ন আওয়ামী লীগের বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রোববার বিকালে ৩ টায় উথলী ডিগ্রি কলেজ মাঠে এই বর্ধিত সভা অনুষ্ঠিত হয়।

বর্ধিত সভায় ইউনিয়ন ও ওয়ার্ড আওয়ামী লীগের নেতৃবৃন্দের সিদ্ধান্তে দলীয় মনোনয়নের জন্য ৪ জনের নাম চুড়ান্ত করা হয়। দলীয় মনোনয়নের জন্য উথলী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আব্দুল হান্নান,সাধারণ সম্পাদক মোবারক সোহেল আহম্মেদ প্রদীপ, ইউনিয়ন আওয়ামী লীগের সদস্য আবজালুর রহমান ধীরু ও ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক লিমন ফেরদৌস লিয়ন এর নাম উপজেলা আওয়ামী লীগের কাছে পাঠানো হয়েছে।

সভায় দল থেকে যাকে মনোনয়ন দিবে তার পক্ষে কাজ করার প্রতিশ্রুতি

দেয় ইউনিয়ন ও ওয়ার্ড আওয়ামী লীগের নেতাকর্মীরা।

উথলী ইউনিয়ন আওয়ামী লীগের সিনিয়র সহসভাপতি দাউদ হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোবারক সোহেল আহম্মেদ প্রদীপ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা যুবলীগের সাবেক ভারপ্রাপ্ত সভাপতি আব্দুল মান্নান পিল্টু, ইউনিয়ন আওয়ামী লীগের আইন বিষয়ক সম্পাদক সালাউদ্দীন কাজল, সাংগঠনিক সম্পাদক মিজানুর রহমান,ওয়ার্ড আওয়ামী লীগের নেতা আবু জাফর,লুৎফর রহমান লুতু,আতিকুর রহমান আতিক,আবুল কালাম কলম,আলমগীর হোসেন, ওবাইদুর রহমান,আমিনুল ইসলাম, আবিদ হোসেন, ফরহাদ হোসেন, সাইফুল ইসলাম, সরফরাজ হোসেন সহ অনেকে।

মেহেরপুরে আওয়ামী লীগ সরকারের উন্নয়ন সম্বলিত বুকলেট বিতরণ করলেন এম এ এস ইমন

মেহেরপুরে আওয়ামী লীগ সরকারের উন্নয়নের চিত্র সম্বলিত বুকলেট বিতরণ করলেন কেন্দ্রীয় আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা উপকমিটির সদস্য তরুণ রাজনীতিবীদ এম এ এস ইমন।

আজ রবিবার সকাল থেকে দুপুর পর্যন্ত মেহেরপুর কোট মোড় থেকে কাথুলী বাসষ্ট্যান্ড পর্যন্ত জনসাধারণনের মাঝে এ বুকলেট বিতরণ করেন তিনি। বুকলেট বিতরণ কর্মসূচীতে আওয়ামী লীগ নেতা বেলাল হোসেন, স্বেচ্ছাসেবক লীগ নেতা মোস্তাফিজুর রহমান চন্দন, ফারুক হোসেনসহ আওয়ামী লীগের অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা অংশ নেন।

এ সময় এম এ এস ইমন বলেন, বর্তমান আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আসার পর কি কি উন্নয়ন করেছে এবং বিগত সরকারগুলো কি কি উন্নয়ন করেছে তার উন্নয়নমূলক চিত্র তুলে ধরা হয়েছে এ বকুলেটে। যাতে করে সাধারণ মানুষ আওয়ামী লীগ সরকারের উন্নয়নের কর্মকাণ্ড সম্পর্কে ধারণা পায়

এবং জননেত্রী শেখ হাসিনার সরকারকে পুনরায় নির্বাচিত করে দেশ সেবার সুযোগ করে দেয়।

গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুলের গণসংযোগ

শেখ হাসিনার সরকার বার বার দরকার এই শ্লোগান কে সামনে রেখে বাংলাদেশ আওয়ামী লীগ সরকারের উন্নয়ন,সাফল্য ও নৌকায় ভোট প্রার্থনায় গাংনী উপজেলার বিভিন্ন ইউনিয়নে গণসংযোগ করেছেন গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুল।

রোববার সকাল থেকে সারাদিন গাংনী উপজেলার সাহারবাটি,বামন্দী ও ধানখোলা ইউনিয়নের বিভিন্ন গ্রামে তৃণমূল পর্যায়ের মানুষ ও বাজারে বিভিন্ন ব্যবসায়ীদের সঙ্গে গনসংযোগ করেন।

এসময় তিনি আওয়ামীলীগ সরকারের বিভিন্ন উন্নয়ন মুলক কর্মকান্ড তুলে ধরেন। তিনি তার বক্তব্যে বলেন, বর্তমান সরকার মুখে নয়, কাজে বিশ্বাসী। বিগত নির্বাচনে মাননীয় প্রধানমন্ত্রী যে নির্বাচনী ওয়াদা করেছিলেন তা সিংহভাগ বাস্তবায়ন করেছেন । বাস্তবায়নকৃত কাজের মধ্যে পদ্মা সেতু, শ্রমিকদের মুজুরী বৃদ্ধি, বিনা মুল্যে শিক্ষার্থীদের হাতে বই বিতরণ, দারিদ্রতা হ্রাস, মাতৃত্বকালীন ভাতা প্রদান, ও মাতৃত্বকালীন ছুটি বৃদ্ধি, গরীব ছাত্র ছাত্রীদের উপবৃত্তি প্রদান, শিক্ষা প্রতিষ্ঠান জাতীয় করণ, শিক্ষকদের চাকুরী জাতীয় করণ, মেট্রোরেল চালু, প্রতিটি ইউনিয়নে ডিজিটাল তথ্য সেবা কেন্দ্র স্থাপন, কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে স্বাস্থ্য সেবা প্রদান। নারীর ক্ষমতায়ন, গ্রামীন রাস্তা ঘাট, কালভাট ব্রীজ নির্মান, মোবাইল ও ইন্টারনেট গ্রাহক সংখ্যা বৃদ্ধি, একটি বাড়ি একটি খামার প্রকল্প, হতদরিদ্র মানুষের জন্য গৃহনির্মান, রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র চলমান, সারা দেশে ব্যাপী বিদ্যুৎ এর ব্যাপক উন্নয়ন, কৃষিতে সফলতা, অনলাইন সেবা প্রদান,, নির্যাতিত রোহিঙ্গাদের আশ্রয় দান, বেকার যুবক ও যুবতীদের কর্মসংস্থানের

সৃষ্টি করা সহ দেশের সার্বিক উন্নয়নে সাফল্য তুলে ধরেন তিনি।

এসময় আওয়ামীলীগ,যুবলীগ,ছাত্রলীগ সহ বিভিন্ন ইউনিটের নেতা কর্মিরা উপস্থিত ছিলেন। আসন্ন আগামী জাতীয় নির্বাচনে মেহেরপুর-২ গাংনী আসনের জন্য তিনি মনোনয়ন প্রত্যাশী হিসাবে সহযোগীতা এবং আওয়ামীলীগের নৌকার পক্ষে কাজ করার জন্য সকলের প্রতি আহবান জানান।

গাংনীতে ডা. নাজমুল হক সাগরের গণসংযোগ

প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়নের ধারা তুলে ধরতে মেহেরপুরের গাংনীতে গণসংযোগ করেছেন ডা. এএসএম নাজমুল হক সাগর।

শনিবার বিকেলে গাংনী পৌর এলাকায় তিনি এ গণসংযোগ করেন। এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ-সভাপতি শাহজাহান আলী,গাংনী পৌর স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক জীবন আকবর,মটমুড়া ইউনিয়ন কৃষকলীগের সভাপতি ইশতিয়াক আহমেদ চঞ্চল, সাবেক ছাত্রনেতা সরওয়ার বাবু,গাংনী উপজেলা ছাত্রলীগের সহ-সভাপতি তরিকুল ইসলাম উজ্জ্বল, যুগ্ম-সাধারণ সম্পাদক রাকিবুল ইসলাম,সহ-সম্পাদক নয়ন আলী,মটমুড়া ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক শাহারুল ইসলাম, ছাত্রলীগ নেতা কনিক, শ্রমিক লীগ নেতা পলাশ,হাফিজুর, মতিসহ আরো অনেকে।

গণসংযোগ কালে ডা. সাগর বলেন,জননেত্রী শেখ হাসিনা সরকারের বহুমুখী উন্নয়ন জনগণের মাঝে তুলে ধরেন এবং আগামী নির্বাচনে আবারো আওয়ামী লীগ সরকারকে জয়ী করতে জনগণকে আহবান জানান।আওয়ামী লীগ সরকারের উন্নয়ন ধরে রাখতে তিনি গাংনীর আপামর জনসাধারণকে সাথে নিয়ে মাঠে থাকার প্রতিশ্রুতি দেন। গাংনীর সকল শ্রেণী পেশার মানুষ আগামী নির্বাচনে আমাকে নৌকার কান্ডারী হিসেবে দেখতে চান এবং আমার নেতৃত্বে গাংনীর উন্নয়ন ঘটাতে ঐক্যবদ্ধ হন।

মেহেরপুরে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত

মেহেরপুরে জেলা আওয়ামী লীগের উদ্যোগে জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকালে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন (জুমের মাধ্যমে)’র সভাপতিত্বে সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোমিনুল ইসলামের সঞ্চালনায় আলোচনা সভায় বক্তব্য দেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান এ্যাড. ইয়ারুল ইসলাম, সাধারন সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আঃ মান্নান, আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মতিয়ার রহমান মতি, বুড়িপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও বুড়িপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাহ জামান, মেহেরপুর শহর আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক আক্কাচ আলী, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষনা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারন সম্পাদক সফিকুল ইসলাম, শ্যামপুর ইউনিয়নের চেয়ারম্যান মতিয়ার রহমান মতিন, সদর উপজেলা যুবলীগের সভাপতি আনোয়ার হোসেন আনু বক্তব্য রাখেন।

ঝিনাইদহে আওয়ামী লীগ কার্যালয়ের সামনে বোমা বিস্ফোরণ, শহর জুড়ে উত্তেজনা

ঝিনাইদহ জেলা আওয়ামী লীগ কার্যালয়ের সামনে পরপর চারটি ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটেছে। এঘটনায় শহর জুড়ে উত্তেজনা বিরাজ করছে।

বৃহস্পতিবার দিবাগত রাত দেড়টার দিকে জেলা রেজিস্ট্রি অফিস ও শিল্পকলা ভবন এলাকায় এ ঘটনা ঘটে। তবে এতে কোনো হতাহতের ঘটনা ঘটেনি। ঘটনাস্থল থেকে উদ্ধার করা হয়েছে আরও পাঁচটি ককটেল।

সড়কের নিরাপত্তা প্রহরী বাবলু মিয়া বলেন, রাত দেড়টার দিকে হঠাৎ আওয়ামী লীগের কার্যালয়ের পেছনে বিকট শব্দ হয়। পরপর চারটি ককটেল বিস্ফোরণ হয়। পরে পুলিশ আসে। পুলিশ এসে অফিসের পেছন থেকে পাঁচটি ককটেল উদ্ধার করে।

ঘটনার সংবাদ শুনে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি রানা হামিদসহ অন্যান্য নেতাকর্মী ঘটনাস্থলে পৌঁছে এ ঘটনার তীব্র নিন্দা জানান।

জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু জানান, ‘ঢাকায় বিএনপির সমাবেশকে কেন্দ্র করে ঝিনাইদহেও অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি করতে বিএনপির লোকেরা এ ঘটনা ঘটিয়েছে। আমরা এই ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি। সেই সঙ্গে যারা জড়িত তাদের শনাক্ত করে দ্রুত আইনের আওতায় আনার দাবি জানাচ্ছি।’

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মোহাম্মদ সোহেল রানা বলেন, ‘রাত আনুমানিক দেড়টার দিকে হঠাৎ চারটি বোমার বিস্ফোরণের শব্দ শোনা যায়। আমরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছায়। সেখানে কাউকে পাওয়া যায়নি। আমরা অফিসের পেছন থেকে পাঁচটি ককটেল উদ্ধার করেছি। তবে কে বা কারা এ ঘটনা ঘটিয়েছে সেটি জানা যায়নি। তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।’

গাংনীর গাড়াবাড়িয়াতে এমপি সাহিদুজ্জামানের গণসংযোগ

মেহেরপুরের গাংনী উপজেলার গাড়াবাড়িয়া গ্রামে গনসংযোগ করেছেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাহিদুজ্জামান খোকন।

সোমবার বিকালে গাড়াবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এ উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এসময় কাথুলী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি গোলজার হোসেনের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন। অনুষ্ঠানে কাথুলী ইউনিয়নের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাবেক ত্রাণ বিষয়ক সম্পাদক মিজানুর রহমান রানা, সাহারবাটি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ফারুক হোসেনসহ আওয়ামী লীগের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।

আলোচনা সভা শেষে সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন গ্রামের বিভিন্ন মানুষের সাথে গণসংযোগ করেন এবং আগামী জাতীয় সংসদ নির্বাচনে উন্নয়নের ধারা অব্যহত রাখতে নৌকায় মার্কায় ভোট প্রার্থনা করেন।

আওয়ামী লীগের শেকড় অনেক গভীরে : হানিফ

আওয়ামী লীগের শেকড় অনেক গভীরে বলে মন্তব্য করেছেন আওয়ামীলীগের যুগ্ম-সাধারণ সম্পাদক মাহবুব-উল আলম হানিফ।

আওয়ামী লীগ কখনো অন্যের শক্তি সামর্থ্য দেখে বিচলিত হওয়ার দল নয় উল্লেখ করে তিনি বলেন, ‘আওয়ামী লীগ অনেক শক্তিশালী দল। আওয়ামী লীগের শেকড় অনেক গভীরে।’

মঙ্গলবার সকালে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছোট ছেলে শেখ রাসেলের জন্মদিন উপলক্ষে কুষ্টিয়ায় শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণকালে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন।

‘আওয়ামী লীগ একটি বটগাছ’ এমন মন্তব্য করে তিনি বলেন, ‘বটগাছকে ছোটখাটো ধাক্কা দিয়ে কিছু করা যায় না। জনগণ যতদিন চাইবে আওয়ামী লীগ ততদিনই ক্ষমতায় থাকবে।’

হানিফ আরো বলেন, ‘বহুবার বিএনপির তর্জনগর্জন শুনেছে দেশের জনগণ। কিন্তু সেই তর্জনগর্জন জনগণ আমলে নেয়নি। সুতরাং জনগণ যতদিন চাইবে, আওয়ামী লীগ ততদিনই ক্ষমতায় থাকবে।’

ক্ষমতা হস্তান্তর প্রসঙ্গে আওয়ামী লীগের এই সিনিয়র নেতা বলেন, ‘ষড়যন্ত্রের কাছে পরাজিত হওয়ার পর শান্তিপূর্ণভাবে ক্ষমতা হস্তান্তরের রেকর্ডও আওয়ামী লীগের আছে। শান্তিপূর্ণ নির্বাচনের মাধ্যমে রাষ্ট্রীয় ক্ষমতায় এসেছে, আগামী জাতীয় সংসদ নির্বাচনের মাধ্যমে আওয়ামী লীগ আবার ক্ষমতায় আসবে।’

জেলা পরিষদ নির্বাচন সুষ্ঠু হয়েছে দাবি করে আওয়ামী লীগের এই যুগ্ম-সাধারণ সম্পাদক বলেন, ‘সারা দেশে উৎসবমুখর পরিবেশে নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। ইলেকশন কমিশনের কর্মকাণ্ডও গ্রহণযোগ্য ছিল।’

বঙ্গবন্ধুর ছোট ছেলে শহীদ শেখ রাসেলের কথা তুলে ধরে হানিফ বলেন, ‘শিশুরা হচ্ছে ফুলের বাগানের মতো। শিশুদের মন থাকে কোমল। সেই কোমলমতি হৃদয়ে তাকে ধারণ করে আমাদের ভবিষ্যৎ প্রজন্ম দেশের উন্নয়ন অগ্রযাত্রাকে এগিয়ে নিয়ে যাবে- এটিই আমাদের প্রত্যাশা।’

এ সময় কুষ্টিয়া-৪ আসনের সংসদ সদস্য ব্যারিস্টার সেলিম আলতাব জর্জ, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও জেলা পরিষদ প্রশাসক হাজী রবিউল ইসলাম, জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক প্রকৌশলী ফারুকউজ্জামান, সাংগঠনিক সম্পাদক আমজাদ হোসেন রাজু ও মাযহারুল আলম সুমন, কুষ্টিয়া সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান আতাউর রহমান আতা প্রমুখ উপস্থিত ছিলেন।